গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
প্রশিক্ষণ শাখা
www.lawjusticediv.gov.bd

তারিখ : ১৭ বৈশাখ ১৪৩২ / ৩০ এপ্রিল ২০২৫

স্মারক নং- ১০.০০.০০০০.১৫১.২৯.০০০১.২৪-৫৩

বিষয়: বিচার বিভাগীয় বাতায়নের পরিচিতি ও পরিচালনা পদ্ধতির ওপর আদালতের সহায়ক কর্মচারীদের অনলাইন প্রশিক্ষণ প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং ৫৬.৮৩.০০০০.০০০.০১৫.২০.০০০১.২৫.১ তারিখ: ২৩ এপ্রিল, ২০২৫ খ্রি:, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে, বাংলাদেশ সরকারের এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রামের উদ্যোগে বিচার বিভাগের জন্য প্রস্তুতকৃত বিচার বিভাগীয় বাতায়ন (judiciary.gov.bd) এর পরিচিতি ও পরিচালনা পদ্ধতির ওপর আদালতের সহায়ক কর্মচারীদের জন্য ভার্চুয়াল প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। নিম্নছকে বর্ণিত সূচী অনুযায়ী প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য ছকে উল্লিখিত জেলা ও মহানগরের জেলা ও দায়রা জজ, মহানগর দায়রা জজ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এবং চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট-গণকে প্রযুক্তি জ্ঞানসম্পন্ন ১ (এক) জন কর্মচারীকে মনোনয়ন প্রদানপূর্বক মনোনীত কর্মচারীগণকে প্রশিক্ষণে অংশগ্রহণের অনুমতি প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হলো—

| ব্যাচ নম্বর | প্রশিক্ষণের তারিখ | জেলা ও মহানগরসমূহ | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|---|
| প্রথম | ৪-৬ মে, ২০২৫ | ঢাকা, ঢাকা মহানগর, গাজীপুর, গাজীপুর মহানগর, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী ও রাজবাড়ী | ২০ জন |
| দ্বিতীয় | ১২-১৪ মে, ২০২৫ | শরীয়তপুর, টাঙ্গাইল, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, সিলেট, সিলেট মহানগর, হবিগঞ্জ, মৌলভীবাজার ও সুনামগঞ্জ | ২০ জন |
| তৃতীয় | ১৮-২০ মে, ২০২৫ | চট্টগ্রাম, চট্টগ্রাম মহানগর, কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা ও ফেনী | ২০ জন |
| চতুর্থ | ২৫-২৭ মে, ২০২৫ | রাজশাহী, রাজশাহী মহানগর, বগুড়া, জয়পুরহাট, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, নাটোর, পাবনা, সিরাজগঞ্জ ও লক্ষ্মীপুর | ২০ জন |

০২। উল্লেখ্য, প্রশিক্ষণের যাবতীয় ব্যয় এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম বহন করবে।

০৩। উক্ত প্রশিক্ষণটি সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

০৪। প্রশিক্ষণার্থীগনকে জুম ভার্চুয়াল প্লাটফর্ম (মিটিং আইডি: 9876054870, পাসকোড: 1234) এ সংযুক্ত থেকে প্রশিক্ষণে অংশগ্রহনের জন্য অনুরোধ করা হলো।

স্বা:
(ড. আবুল হাসানাত)
উপসচিব

জনাব মোঃ রাশিদুল মামুন কবীর
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম

তারিখ : ১৭ বৈশাখ ১৪৩২ / ৩০ এপ্রিল ২০২৫

স্মারক নং- ১০.০০.০০০০.১৫১.২৯.০০০১.২৪-৫৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
২. জেলা ও দায়রা জজ/ মহানগর দায়রা জজ, …………
৩. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ………………..
৪. উপদেষ্টার একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়